আজকের কাগজ

তারিখ 29 NOV ১৯৯৫
পৃষ্ঠা ১ কলাম ৮

ভুয়া ভর্তি

# ঢা.বিতে ছাত্রদল নেতাসহ ৮ জনের ভর্তি বাতিল

কাগজ প্রতিবেদক ঃ দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভুয়া তথ্য দিয়ে অনার্সে ভর্তি হওয়ায় আটজন ছাত্রের ভর্তি বাতিল হয়েছে। তাদের মধ্যে একজন ১৯৯০-৯১ সেশনে সমাজ বিজ্ঞান বিভাগে, একজন ১৯৯২-৯৩ সেশনে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে, তিনজন ১৯৯২-৯৩ সেশনে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে, একজন একই সেশনে লোক প্রশাসন বিভাগে এবং একই সেশনে ২ জন অর্থনীতি বিভাগের ছাত্র ছিলেন। ভর্তি হবার পর তারা যথারীতি ক্লাস এবং তৃতীয় ও দ্বিতীয় বর্ষে পদার্পণ করে। এরপর গোপন সূত্রে সংবাদ পেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন কমিটি গঠন করে তদন্ত করলে ভর্তিকৃত ছাত্রদের ভর্তি ভুয়া বলে প্রমাণিত হয়।

এরপর ২-এর পাতায়

ভুয়া ভর্তি

## ঢা.বিতে ছাত্রদল নেতাসহ

প্রথম পাতার পর

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন রেজি/ভর্তি ৪/৯৫/৩৬৬৩০-৯২৯ নং স্মারকে ২৬ নভেম্বর '৯৫ তারিখে উপাচার্যের পক্ষে রেজিস্ট্রার স্বাক্ষরিত প্রেরিত পত্র মারফত এ তথ্য জানা যায়।

ভর্তি বাতিলকৃত ছাত্ররা হচ্ছেন- মোঃ মোহসীন মোল্লা, ১ম বর্ষ বিএসএস (সম্মান) সমাজ বিজ্ঞান, রোল নং ফর-১৫৯১, শিক্ষাবর্ষ ১৯৯০-৯১, প্রযত্নে চেয়ারম্যান, সমাজ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। উল্লেখ্য, মোহসীন মোল্লা ছাত্রদল এ এফ রহমান হল শাখার সাধারণ সম্পাদক।

মোঃ তানভির সিরাজ, ১ম বর্ষ বিএসএস (সম্মান), আন্তর্জাতিক সম্পর্ক, রোল নং-ফর-২০২৭, শিক্ষাবর্ষ ১৯৯২-৯৩, প্রযত্নে চেয়ারম্যান, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

এস এম মোস্তাফিজুর রহমান, ১ম বর্ষ বিএসএস (সম্মান), রাষ্ট্রবিজ্ঞান, রোল নং-ফর-১৬৮৩, শিক্ষাবর্ষ ১৯৯২-৯৩, প্রযত্নে চেয়ারম্যান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সানজিদ হোসেন চৌধুরী, ১ম বর্ষ বিএসএস (সম্মান), রাষ্ট্রবিজ্ঞান, রোল নং-ফর-২০৮৯, শিক্ষাবর্ষ ১৯৯২-৯৩, প্রযত্নে চেয়ারম্যান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ।

জহুরুল আলম চৌধুরী, ১ম বর্ষ বিএসএস (সম্মান), রাষ্ট্রবিজ্ঞান, রোল নং-ফর-২০৯০, শিক্ষাবর্ষ ১৯৯২-৯৩, প্রযত্নে চেয়ারম্যান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ।

মেহেদী আনোয়ার, ১ম বর্ষ বিএসএস (সম্মান), লোক প্রশাসন, রোল নং-ফর-২০৯১, শিক্ষাবর্ষ ১৯৯২-৯৩, প্রযত্নে প্রভোস্ট, এএফ রহমান হল।

মোঃ আবু হেনা নূরুল মতিন, ১ম বর্ষ বিএসএস (সম্মান), অর্থনীতি, রোল নং-ফর-১৯০৫, শিক্ষাবর্ষ ১৯৯২-৯৩, প্রযত্নে চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ।

শরীফ আহমেদ, ১ম বর্ষ বিএসএস (সম্মান), অর্থনীতি, রোল নং-ফর-২০৯২, শিক্ষাবর্ষ ১৯৯২-৯৩, প্রযত্নে প্রভোস্ট, এএফ রহমান হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।